# ক্রমঃ ৪৯ আল-মাজীদ ٱلۡمَجِيدُ

## অর্থ

সকল-মর্যাদার-অধিকারী, মহিমান্বিত, সম্মানিত

## English

□ Al-Majid
- The One who is with perfect Power, High Status, Compassion, Generosity and Kindness.
- The Glorious, the exalted.

## ব্যাখ্যা

> ٱلۡمَجِيدُ| আল-মাজীদ (মহিমান্বিত, সম্মানিত)[1] | Al-Maj□d | The Glorious, The Most Honorable

যার রয়েছে মহা সম্মান ও মর্যাদা তিনি আল-মাজীদ। এটি আল্লাহর মহাগুণ। তাঁর সবগুণই মহান। যেমন তিনি আল-আলীম অর্থাৎ তাঁর রয়েছে পূর্ণ ইলম। আবার তিনি আর-রাহীম, তাঁর রহমত সব কিছুতে ব্যাপ্ত। তিনি আল-কাদীর, কেউ তাঁকে অক্ষম করতে পারে না। তিনি আল-হালীম, তাঁর রয়েছে পরিপূর্ণ ধৈর্য। তিনি আল-হাকীম, তিনি তাঁর হিকমতে পরিপূর্ণ হাকীম। এভাবে তাঁর প্রতিটি নাম-ই পরিপূর্ণ মহান গুণ।[2]

---

[1] আল্লাহ তা'আলা বলেছেন,

﴿رَحۡمَتُ ٱللَّهِ وَبَرَكَٰتُهُۥ عَلَيۡكُمۡ أَهۡلَ ٱلۡبَيۡتِۚ إِنَّهُۥ حَمِيدٞ مَّجِيدٞ٧٣﴾ [هود: ٧٣]

“হে নবী পরিবার, আপনাদের ওপর আল্লাহর রহমত ও তাঁর বরকত। নিশ্চয় তিনি প্রশংসিত সম্মানিত।” [সূরা হূদ, আয়াত: ৭৩]

[2] আল-হাক্কুল ওয়াদিহ আল-মুবীন, পৃ. ৩৩; আত-তাফসীর, ৫/৬২২; তাওদীহুল কাফিয়া আশ-শাফিয়া, পৃ. ১৮৮।